

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

www.nddtrust.gov.bd



স্মারক নং : ৪১.০৫.০০০০.০০০.০৪.০১৮.২১-৪৪৩

তারিখঃ ২৫ কার্তিক ১৪২৮  
০৯ নভেম্বর ২০২১

এনডিডি ব্যক্তিদের বা তাদের অভিভাবকদের সংগঠন প্রতিষ্ঠা, নিবন্ধন ও অভিভাবক নিয়োগ  
প্রদান সংক্রান্ত

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৩/২০২১-২২

অটিজম, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি ও বুদ্ধি প্রতিবন্ধী এই চার ধরণের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) ব্যক্তিদের জীবনমান উন্নয়নে সরকার নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ প্রণয়ন করে। ট্রাস্ট আইনের ২১ ধারা মোতাবেক এনডিডি ব্যক্তিদের সংগঠন বা তাদের অভিভাবকদের সংগঠন প্রতিষ্ঠা এবং নিবন্ধনের বিধান রয়েছে। এছাড়াও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫-এর বিধি ২৩ অনুযায়ী মাতা-পিতা কর্তৃক অভিভাবক নিয়োগ, অভিভাবকত্বের জন্য আবেদন করার বিষয়ে উল্লেখ রয়েছে। নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক আইন ও বিধিমালা অনুযায়ী এসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সংগঠন নিবন্ধন ও অভিভাবক নিয়োগ প্রক্রিয়া সহজবোধ্য করার জন্য সংগঠন নিবন্ধন নির্দেশিকা ও অভিভাবক নিয়োগ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। এনডিডি সুরক্ষা ট্রাস্টের ওয়েবসাইট <http://nddtrust.gov.bd>-এ নির্দেশিকাসহ বিভিন্ন ফরম পাওয়া যাবে। ট্রাস্ট আইন অনুযায়ী এনডিডি নিয়ে কাজ করে বা করতে অগ্রহী ব্যক্তি/সংগঠন কে নির্ধারিত ফরমে নিবন্ধন কর্তৃপক্ষ, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বরাবর এবং অভিভাবকত্ব গ্রহণে অগ্রহী ব্যক্তি/সংগঠনকে এনডিডি সুরক্ষা ট্রাস্ট বিষয়ক জেলা কমিটি বরাবরে আবেদন করার জন্য আহ্বান জানানো হলো। উল্লেখ্য নিবন্ধন প্রদান ও অভিভাবক নিয়োগ একটি চলমান প্রক্রিয়া হিসেবে এ কার্যক্রম অব্যাহত থাকবে। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

ড. মো: আনোয়ার উল্লাহ্ এফসিএমএ

ব্যবস্থাপনা পরিচালক (ফুণ্ডসচিব)

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

টেলিফোনঃ ০২-৪৮৩২২৬৭৪

ই-মেইলঃ [nddprtrust@gmail.com](mailto:nddprtrust@gmail.com)

স-২৬০৬ (৬×৩)